গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও
পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

নম্বর: ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.৪১৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩২ / ১৯ আগস্ট ২০২৫

**বিষয়: ২৪/৭ ভূমিসেবা ও সিটিজেন কেয়ার সেন্টারের মাধ্যমে আবেদন গ্রহণ বিষয়ে প্রচারণা।**

ভূমি মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকার তেজগাঁওস্থ ভূমিভবনে কলসেন্টার ও সিটিজেন কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। নাগরিকগণ কল সেন্টারের হটলাইন নম্বর ১৬১২২ (বিদেশ হতে +৮৮০৯৬১২৩১৬১২২) এ ফোন করে দেশ ও বিদেশ থেকে সপ্তাহে ২৪ (চব্বিশ) ঘন্টা ০৭ (সাত) দিন ভূমিসেবা সংক্রান্ত যে কোন অভিযোগ জানাতে পারেন এবং ভূমিসেবা তথ্য ও পরামর্শ পেতে পারেন। সিটিজেন কেয়ার সেন্টারে এসে প্রতিদিন (সকাল ৮.০০ টা হতে রাত ৮.০০ টা) সরাসরি ভূমিসেবা সংক্রান্ত আবেদন করতে পারেন এবং পরামর্শ নিতে পারেন। কল সেন্টার ও সিটিজেন কেয়ার সেন্টার সেবা সম্পর্কে প্রচারণার জন্য ব্যানার, পোস্টার, সামাজিক যোগাযোগ মাধ্যম, স্থানীয় গণমাধ্যম, ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও অন্যান্য মাধ্যমকে ব্যবহার করা যেতে পারে।

২। এমতাবস্থায়, নাগরিক সেবা গ্রহণে এই দুটি গুরুত্বপূর্ণ মাধ্যম সম্পর্কে জনগণকে অবহিত করার লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/০৮/২০২৫

(সাদেকুর রহমান)
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৭
ই-মেইল: lsdmc1@minland.gov.bd

১। বিভাগীয় কমিশনার............. (সকল)।
২। জেলা প্রশাসক ........................ (সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার.........(সকল)।
৪। সহকারী কমিশনার (ভূমি)...........(সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. অতিরিক্ত সচিব, ডিকেএমপি/মাঠ প্রশাসন, ভূমি মন্ত্রণালয়।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. অফিস কপি।

CamScanner